

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫১৭

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ جَابِرٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مُهَلُّ أَهْلِ الْمَدِينَةِ مِنْ ذِي الْحُلَيْفَةِ وَالطَّرِيقُ الْآخَرُ الْجُحْفَةُ وَمُهَلُّ أَهْلِ الْعِرَاقِ مِنْ ذَاتِ عِرْقٍ وَمُهَلُّ أَهْلِ نَجْدٍ قَرْنٌ وَمُهَلُّ أَهْلِ الْعِرَاقِ مِنْ ذَاتِ عِرْقٍ وَمُهَلُّ أَهْلِ نَجْدٍ قَرْنٌ وَمُهَلُّ أَهْلِ الْعِرَاقِ مِنْ ذَاتِ عِرْقٍ وَمُهَلُّ أَهْلِ نَجْدٍ قَرْنٌ وَمُهَلُّ أَهْلِ الْيَمَنِ يَلَمْلَمُ» . رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২৫১৭-[১৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ মদীনাবাসীদের মীকাত হলো 'যুলহুলায়ফাহ্'। অন্য পথে (সিরিয়ার পথে) প্রবেশ করলে 'জুহফাহ্', ইরাকবাসীদের মীকাত হলো 'যা-তু 'ইরক্ক' এবং নাজদবাসীদের মীকাত হলো 'ক্ররনুল মানাযিল' এবং ইয়ামানবাসীদের মীকাত হলো 'ইয়ালাম্লাম্। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১১৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَمُهُلُّ أَهْلِ الْعِرَاقِ مِنْ ذَاتِ عِرْقِ) 'ইরাকবাসীদের ইহরাম বাঁধার স্থান যাতু 'ইরক্ব। যাতু 'ইরক্ব মক্কা হতে ৪৮ মাইল দূরে অবস্থিত যা তিহামা ও নাজদের মধ্যবর্তী জায়গায় অবস্থিত। এটা 'ইরক্ব ও ইরানবাসীদের মীকাত। অত্র হাদীস প্রমাণ করে যে, 'ইরাকবাসীদের মীকাত যাতু 'ইরক্ব। এর স্বপক্ষে 'আয়িশাহ্ (রাঃ) থেকে আহমাদ, আবু দাউদ, নাসায়ী, তুহাবী ও দারাকুত্বনীতে সহীহ সন্দে হাদীস বর্ণিত রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন